

সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১০৪২

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২০৪. সালাত শেষে প্রস্থানের নিয়ম

باب كَيْفَ الإِنْصِرَافُ مِنَ الصَّلَاةِ

আরবী

حَدَّثَنَا مُسْلِمُ بْنُ إِبْرَاهِيمَ، حَدَّثَنَا شُعْبَةُ، عَنْ سُلَيْمَانَ، عَنْ عُمَارَةَ بْنِ عُمَيْرٍ، عَنِ الأَسْوَدِ بُنِ يَزِيدَ، عَنْ عَبْدِ اللهِ، قَالَ لَا يَجْعَلْ أَحَدُكُمْ نَصِيبًا لِلشَّيْطَانِ مِنْ صَلَاتِهِ أَنْ لَا يَنْصَرِفَ إِلَا عَنْ يَمِينِهِ وَقَدْ رَأَيْتُ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم أَكْثَرَ مَا يَنْصَرِفُ عَنْ شِمَالِهِ. قَالَ عُمَارَةُ أَتَيْتُ الْمَدِينَةَ بَعْدُ فَرَأَيْتُ مَنَازِلَ النَّبِيِّ صلى الله عليه وسلم عَنْ يَسَارِهِ.

_ صحيح : ق دون قول عمارة : أتيته

বাংলা

১০৪২। 'আবদুল্লাহ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, তোমাদের কেউ যেন তার সালাতের কোন অংশ শয়তানের জন্য না রেখে দেয়। অর্থাৎ সালাত শেষে শুধু ডান দিক থেকেই ঘুরে না বসে (বা প্রস্থান না করে)। আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে অধিকাংশ সময় বাম পাশ থেকে ঘুরতে দেখেছি। 'উমারাহ (রহঃ) বলেন, আমি পরবর্তীতে মদীনায় গিয়ে দেখেছি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর অধিকাংশ ঘর বাম দিকে।[1]

সহীহ : বুখারী ও মুসলিম। তবে 'উমারাহর এ কথা বাদেঃ আমি পরবতীতে মদীনাতে আসি।

English

'Abd Allah (b. Mas'ud) said; One of you should not give a share from his prayer to the devil, that he does not turn away expect to his right side. I saw the Messenger of Allah () often turning away to his left side. the narrator 'Umarah said:

I came to medina afterwards and saw that the houses of the prophet (ﷺ)



were (built) in the left.

ফুটনোট

[1] বুখারী (অধ্যায় : আযান, অনুঃ সালাত শেষে ডান ও বাম দিকে ফিরে যাওয়া, হাঃ ৮৫২), মুসলিম (অধ্যায় : মুসাফিরের সালাত, সালাত শেষে ডান ও বাম দিকে মুখ ফিরানো জায়িয), নাসায়ী (অধ্যায় : সাহু, অনুঃ সালাত শেষে মুখ ফিরানো, হাঃ ১৩৫৯), ইবনু মাজাহ (অধ্যায় : সালাত ক্লায়িম, অনুঃ সালাত শেষে মুখ ফিরানো, হাঃ ৯৩০) আ'মাশ হতে উমারাহ সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন